

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ

মৎস্য ভবন, রমনা, ঢাকা

সম্প্রসারণ শাখা

www.fisheries.gov.bd



স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২০.০৭.০১৬.২০.৫৩

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৭

১৪ জুন ২০২০

বিষয়: মৎস্য খাদ্যে ব্যবহারের জন্য Probiotic হিসেবে SAFE LIFE আমদানির অনাপত্তিপত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: ০১: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং-৩৩.০০.০০০০.১১৮.১৬.৪৪৫.১৬-২৩২, তারিখ: ১০/০৪/২০১৭ খ্রি.।

০২: মেসার্স নিউট্রিস্টার এগ্রো এর ০৩/০৬/২০২০ খ্রি. তারিখের একটি আবেদনপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের প্রচলিত আমদানি বিধি বিধান অনুসরণপূর্বক এসআরও নং-২১৪ আইন/২০১৭/৫২/কাস্টমস, তারিখ-০১/০৭/২০১৭ খ্রি. মোতাবেক নিম্নবর্ণিত ছকের বর্ণনা ও শর্তানুযায়ী মৎস্য খাদ্যে ব্যবহারের জন্য Probiotic হিসেবে SAFE LIFE আমদানির অনুমতি প্রদান করা হলো।

#### আমদানি যোগ্য পণ্য

Sl. No	Products Name	Name of the Ingredients/ Composition of the Product	Proforma Invoice, Date & H.S. Code	Country of Origin	Pack Size (Kg/Bucket)	Amount (MT)
01	SAFE LIFE (Probiotic Feed Supplement)	Bacillus subtilis: 0.2x10 <sup>11</sup> CFU, Bacillus licheniformis: 0.2x10 <sup>11</sup> CFU, Bacillus pumilus: 0.2x10 <sup>11</sup> CFU, Bacillus amyloiquefaciens: 0.2x10 <sup>11</sup> CFU, Lactobacillus acidophilus: 0.5x10 <sup>10</sup> CFU	Proforma Invoice 04/MLS/BD/2020 Date: 01-05-2020 H.S. Code 2309.90.13	INDIA	10 kg BALTI (10 kg BALTI*2000 NO'S)	20
Total=						20

#### শর্তাবলী:

১. সরকারের প্রচলিত আমদানির বিধি-বিধান মোতাবেক শুল্ক বিভাগ কর্তৃক আরোপিত শুল্ক পরিশোধের প্রমাণক মৎস্য অধিদপ্তরে অবশ্যই দাখিল করতে হবে;
২. আমদানিকৃত পণ্যটি মৎস্য অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে গুদামজাত করতে হবে;
৩. আমদানিকৃত পণ্যটি মৎস্যচাষে ব্যবহারের জন্য কোথায় কি পরিমাণ সরবরাহ করা হয়েছে তার প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মৎস্য অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে;
৪. আমদানিকৃত পণ্য অবশ্যই মৎস্য উৎপাদনে ব্যবহার করতে হবে;
৫. আমদানিকৃত পণ্যের প্যাকেটের গায়ে পণ্যের নাম, পণ্যের উপাদানসমূহ, কোম্পানী, উৎপাদনকারী দেশের নাম (Country of Origin) ও উৎপাদনের তারিখ স্পষ্টাকারে উল্লেখ থাকতে হবে;
৬. আমদানিকৃত পণ্য Repacking (রিপ্যাকিং) করা যাবে না;
৭. আমদানির নিমিত্ত এ NOC ১ (এক) বৎসর বলবৎ থাকবে;
৮. পণ্য আমদানি সংক্রান্ত কোন ভুল/অসত্য তথ্য প্রদানের দায়-দায়িত্ব আমদানিকারক প্রতিষ্ঠান বহন করবে;
৯. কর্তৃপক্ষ প্রয়োজনে আমদানিকৃত পণ্যের যে কোন ধরনের পরীক্ষা করতে পারবেন;

১০. ভুল/অসত্য তথ্য প্রদানের পাশাপাশি কোন তথ্য গোপন করা হলে ইস্যুকৃত NOC বাতিলসহ ভবিষ্যতে এ ধরনের NOC প্রদান স্থায়ীভাবে বন্ধ করা হবে;
১১. উপযুক্ত শর্তবলী পালনে ব্যর্থ হলে এবং এতদসংক্রান্ত অন্যান্য সরকারি বিধি বিধান অনুসরণ করা না হলে NOC বাতিল বলে গণ্য হবে।



১৫-৬-২০২০

মোঃ সিরাজুর রহমান

উপপরিচালক (মৎস্যচাষ) (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৯৫৬১৫৯২

ইমেইল: ddaqua@fisheries.gov.bd


জনাব মো: সউকত উসমান, মহা-ব্যবস্থাপক, মেসার্স  
নিউট্রিস্টার এগ্রো, বেগুনবাড়ী মোড়, খাগডহর,  
ময়মনসিংহ।

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২০.০৭.০১৬.২০.৫৩/১(৫)

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৭  
১৪ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) কমিশনার (কাস্টমস), কাস্টমস হাউজ, বেনাপোল স্থল বন্দর, যশোর।
- ২) উপপ্রধান, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৩) জেলা মৎস্য কর্মকর্তা, যশোর (পণ্য খালাস ও নমুনা পরীক্ষার নিমিত্ত কাস্টমস এর চাহিদামত স্থলবন্দরে উপস্থিত থাকা, নমুনায়ন ও নমুনা পরীক্ষার প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার অনুরোধসহ)।
- ৪) জেলা মৎস্য কর্মকর্তা, ময়মনসিংহ (পণ্য গুদামজাতকরণ এর পরিদর্শন প্রতিবেদন অত্র শাখায় প্রেরণ ও এ সংক্রান্ত আইন ও বিধিমালা অনুযায়ী যথাযথ ব্যবস্থা করার অনুরোধসহ)।
- ৫) দপ্তর নথি।



১৫-৬-২০২০

মোঃ জুয়েল শেখ

প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা